৩.১

# সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
সালিশী শাখা
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি বিজয়নগর,
ঢাকা- ১০০০
www.dol.gov.bd

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪০.০২.০০০০.০৩৫.১৬.০০৩.২১.৭৬৩

**বিষয়: সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫ এর সূচক নং ৩.১ মোতাবেক সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ কার্যক্রম আগামী ৩১/১২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে।

এমতাবস্থায়, লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রত্যয়নপত্র নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

[বিঃদ্রঃ : দপ্তর/সংস্থার টিওএন্ডই ভুক্ত যানবাহনসমূহ বিধি মোতাবেক ব্যবহার করা হচ্ছে কিনা এ সম্পর্কে দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রত্যয়ন পত্র দাখিল করবেন এবং দপ্তর/সংস্থা প্রধান প্রত্যয়ন পত্র প্রতিস্বাক্ষর করবেন। এ ছাড়াও যে সকল কর্মকর্তা সুদমুক্ত ঋণ গ্রহণ করেছেন এবং গাড়ি ক্রয় করেছেন তারা দপ্তর/সংস্থার গাড়ি ব্যবহার করতে পারবেন না। উল্লেখ্য সুদমুক্ত ঋণে গাড়ি ক্রয় করেছেন এমন কোন কর্মকর্তা যদি কোন দপ্তর/সংস্থার প্রধান হিসেবে পদায়িত হন অথবা কোন প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন অথবা সার্বক্ষণিক সরকারি যানবাহন ব্যবহারের সুবিধা পান সেক্ষেত্রে তিনি দপ্তর/সংস্থার গাড়ি ব্যবহার করতে পারবেন। তবে সেক্ষেত্রে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২০ (সংশোধিত)' অনুযায়ী গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয়বাবদ নির্ধারিত অর্থের ৫০ শতাংশ পাবেন। এ সকল কর্মকর্তা দপ্তর/ সংস্থার গাড়ি ব্যবহার করছেন না অথবা বিধিমোতাবেক গাড়ি ব্যবহার করছেন মর্মে প্রত্যয়নপত্র নিজে স্বাক্ষর করবেন এবং প্রতিস্বাক্ষরের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর দাখিল করবেন। প্রতিস্বাক্ষরিত উভয় প্রত্যয়ন পত্র অর্থবছর শেষে শুদ্ধাচার কর্মপরিকল্পনার চূড়ান্ত বাস্তবায়ন প্রতিবেদনের সাথে প্রমাণক আকারে দাখিল করতে হবে । ]

সংযুক্তিঃ" জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২৫ এর দপ্তর/সংস্থার নির্দেশিকা।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) দপ্তর সংস্থার নির্দেশিকা২৪-২৫

১০-১২-২০২৪
মিনু আফরোজ
উপ পরিচালক (শুদ্ধাচার ও বিবিধ)
০২২২৬৬৬৪৩০৩
dol.suddhachar@gmail.com

পরিচালক
পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর ।

**স্মারক নম্বর:** ৪০.০২.০০০০.০৩৫.১৬.০০৩.২১.৭৬৩/১ (৪)

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ পরিচালক , উপ-পরিচালক (হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর ।
২। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম অধিদপ্তর ।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি।

১০-১২-২০২৪
মিনু আফরোজ
উপ পরিচালক (শুদ্ধাচার ও বিবিধ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
**(সাধারণ শাখা)**

স্মারক নং: ৪০.০২.০০০০.০০০.১৮.০০১.১৭(অ-১)-৪৯৬ তারিখঃ ২৬/১২/২০২৪ খ্রি.

**বিষয়ঃ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ ৪০.০২.০০০০.০৩৫.১৬.০০৩.২১-৭৬৩; তারিখ: ১০/১২/২০২৪ খ্রি.।

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত দপ্তর/সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০৪-২৫ এর সূচক নং ৩.১ মোতাবেক সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের কার্যক্রম আগামী ৩১/১২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যমাত্র নির্ধারিত হয়েছে।

সে মোতাবেক, লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রত্যয়নপত্র স্বাক্ষরপূর্বক এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**(মুহাম্মদ নাসির উদ্দিন)**
পরিচালক
(প্রশাসন, হিসাব ও সাধারণ)
ফোন: +৮৮০২২২৬৬৬৩৫০৭
ইমেইল: director.admin@dol.gov.bd

**উপপরিচালক (শুদ্ধাচার ও বিবিধ)**
শ্রম অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
**সাধারণ শাখা**
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি
বিজয়নগর, ঢাকা।

# প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, শ্রম অধিদপ্তরের টিওএন্ডইভুক্ত যানবাহনসমূহ বিধি মোতাবেক ব্যবহৃত হচ্ছে। উল্লেখ্য যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন শ্রম অধিদপ্তর-এ "প্রাধিকার প্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ণ নীতিমালা-২০২০" এর আওতায় গাড়ির ঋণ সুবিধা প্রাপ্ত পদ দু'টি মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও অতিরিক্ত মহাপরিচালক (যুগ্ম সচিব)। তন্মধ্যে, অতিরিক্ত মহাপরিচালক পদটি বর্তমানে শূন্য এবং শ্রম অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের বদলীজনিত কারনে জনাব ফাহমিদা আখতার এনডিসি শ্রম অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন।

২৬/১২/২০২৪
**(ফাহমিদা আখতার** এনডিসি**)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০২২২৬৬৬৩৫০১
ফ্যাক্স: +৮৮০২২২৬৬৬৩৫০০
ইমেইল: dg@dol.gov.bd

২৬/১২/২০২৪
**(মুহাম্মদ নাসির উদ্দিন)**
পরিচালক
(প্রশাসন, হিসাব ও সাধারণ)
ফোন: +৮৮০২২২৬৬৬৩৫০৭
ইমেইল: director.admin@dol.gov.bd